# যমুনা অয়েল কোম্পানী লিমিটেড

যমুনা ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম।

## ৪৬তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী।

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর ৪৬তম বার্ষিক সাধারণ সভা ১২ মার্চ ২০২২ খ্রি., ২৭ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ, শনিবার দুপুর ০১.৩০ ঘটিকায় ডিজিটাল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হয়।

কোম্পানির মেমোরেন্ডাম অ্যান্ড আর্টিকেল্‌স অব এসোসিয়েশন এর ধারা ১০২ অনুযায়ী বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যান (সচিব) এবং কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব এ বি এম আজাদ এনডিসি সভায় সভাপতিত্ব করেন। সভায় নিম্নোক্ত পরিচালকবৃন্দ ও কোম্পানি সচিব উপস্থিত ছিলেন :-

| | | |
|---|---|---|
| ১ | জনাব শংকর প্রসাদ দেব | স্বতন্ত্র পরিচালক |
| ২ | জনাব মোঃ সামসুদ্দোহা | স্বতন্ত্র পরিচালক |
| ৩ | জনাব খালিদ আহম্মেদ | পরিচালক |
| ৪ | জনাব মোল্লা মিজানুর রহমান | পরিচালক |
| ৫ | জনাব শাকিল আহমেদ | পরিচালক |
| ৬ | জনাব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন | পরিচালক |
| ৭ | জনাব মোহাম্মদ হাসানুজ্জামান | পরিচালক |
| ৮ | জনাব মোঃ গিয়াস উদ্দিন আনচারী | পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক |

জনাব মোঃ মাসুদুল ইসলাম, কোম্পানি সচিব সভায় উপস্থিত থেকে কার্যবিবরণী লিপিবদ্ধ করেন।

কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারদের মধ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক মনোনীত শেয়ারহোল্ডারসহ ১০৪ জন ব্যক্তিগতভাবে এবং ১৪ জন প্রক্সি মাধ্যমে অনলাইনে উপস্থিত ছিলেন।

কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব এ বি এম আজাদ এনডিসি স্বাগত বক্তব্য প্রদান করেন। তিনি বক্তব্যের শুরুতে যমুনা অয়েল কোম্পানী লিমেটেড এর ৪৬তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিত সম্মানিত পরিচালকবৃন্দ, বিপিসি'র পরিচালকবৃন্দ, ঊর্ধ্বতন কর্মকর্তাগণ, বিপিসি'র প্রতিনিধিবৃন্দ, অতিথিবৃন্দ এবং সভায় উপস্থিত সম্মানিত শেয়ারহোল্ডাগণকে সালাম ও শুভেচ্ছা জানান। স্বাগত বক্তব্য শেষে তিনি অত্যন্ত আনন্দের সাথে যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর ৪৬তম বার্ষিক সাধারণ সভার শুভ সূচনা ঘোষণা করেন। এ পর্যায়ে পবিত্র কোরআন তেলাওয়াত করার জন্য কোম্পানির ইবাদত খানার ইমাম জনাব নুরুল আলম কে অনুরোধ করেন। সভার প্রারম্ভে কোম্পানি সচিব পরিচালকমন্ডলীকে তাঁদের পরিচিতি প্রদানের বিনীত অনুরোধ করেন এবং পরিচাকলকবৃন্দ নিজ নিজ পরিচিতি প্রদান করেন।

সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করার প্রারম্ভে কোম্পানি সচিব জনাব মোঃ মাসুদুল ইসলাম কে সভার নোটিশ পাঠের আহবান জানান। কোম্পানি সচিব সভার নোটিশ পাঠ করেন এবং চেয়ারম্যান মহোদয়কে সার্বিক বিষয়ে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করেন।

**চেয়ারম্যান মহোদয়ের বক্তব্য :**

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, পরিচালকমণ্ডলী ও সুধিবৃন্দদের সালাম জানিয়ে বক্তব্যের শুরুতে চেয়ারম্যান মহোদয় হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি মুজিব জন্মশতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সেই সাথে গভীর শ্রদ্ধা জানান শহীদ মুক্তিযোদ্ধাদের যাঁদের আত্মত্যাগের বিনিময়ে এই মহান স্বাধীনতা অর্জিত হয়েছে।

চেয়ারম্যান মহোদয় বাংলাদেশ সরকারের নির্দেশনা ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশ অনুযায়ী, স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে অদ্যকার ৪৬তম বার্ষিক সাধারণ সভা ডিজিটাল প্ল্যাটফর্মে আয়োজন করা হয়েছে। অদ্যকার সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে সংযুক্ত হওয়ায় তিনি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। বার্ষিক প্রতিবেদন পর্যালোচনার উদ্দেশ্যে সম্মানিত শেয়ারহোল্ডারগণের স্ব স্ব ই-মেইল ও মোবাইল ফোনে ম্যাসেজের মাধ্যমে ২০২০-২০২১ সালের বার্ষিক প্রতিবেদন ও ৪৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী প্রাপ্তির লিংক প্রেরণ করা হয়েছে এবং কোম্পানির ওয়েব সাইটেও প্রকাশ করা হয়েছে। তিনি বলেন বার্ষিক সাধারণ সভার উদ্দেশ্য হচ্ছে বিগত বছরের ব্যবসায়িক সাফল্য, ফলাফল ও কার্যকলাপ সম্পর্কে কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষ থেকে শেয়ারহোল্ডারগণকে অবহিত করা ও শেয়ারহোল্ডারদের বিভিন্ন প্রশ্নের জবাব দেয়ার মাধ্যমে কোম্পানির জবাবদিহিতা নিশ্চিত করা এবং কোম্পানিকে আরও উন্নত ও গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

তিনি জানান বর্তমান সরকার জ্বালানি নিরাপত্তা নিশ্চিতে বদ্ধপরিকর। বর্তমানে ইউক্রেন ও রাশিয়া যুদ্ধের কারণে জ্বালানি তেলের মূল্য অত্যন্ত অস্থিতিশীল পর্যায়ে রয়েছে। শত প্রতিকুলতার মাঝেও সরকার জ্বালানি তেলের সহজলভ্যতা নিশ্চিত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

তিনি শেয়ারহোল্ডারগণের অবগতির জন্য জানান যে, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান হিসেবে যমুনা অয়েল কোম্পানী লিমিটেড দেশের অন্যতম সরকারি জ্বালানি তেল বিপণনকারী প্রতিষ্ঠান হিসেবে সারাদেশে বিদ্যুৎ, কৃষি, শিল্প ও পরিবহণ খাতে জ্বালানি তেলের সরবরাহ নিশ্চিত করে দেশের অর্থনৈতিক উন্নয়নে গতিশীলতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। জেওসিএল ২০২০-২০২১ অর্থ বছরে ১৭,৫০,৫৪৪ মেট্রিক টন পণ্য বিপণন করেছে এবং কোম্পানির কর পরবর্তী নীট লাভ হয়েছে ২০১.৪০ কোটি টাকা। কোম্পানি বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের কারণে সৃষ্ট চলমান বিশেষ পরিস্থিতিতেও সারাদেশে নিরবচ্ছিন্নভাবে জ্বালানি তেল সরবরাহ করে আসছে। দেশে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব কিছুটা স্বাভাবিক হওয়ার ফলে আলোচ্য বছরে টার্নওভার এবং নীট লাভ কিছুটা বৃদ্ধি পেয়েছে।

তিনি উল্লেখ করেন, ব্যবসায়িক পরিচালন ক্ষমতা বাড়ানোর জন্য প্রধান স্থাপনায় পল্টুন জেটি ''এলজে-৩" এর সম্প্রসারণ কাজের জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সম্মতি পাওয়া গেছে; অতি শীঘ্রই এ জেটি সম্প্রসারণের কাজ শুরু হবে। তা'ছাড়া চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিয়ন্ত্রাধীন ডলফিন জেটি-৩ খালি থাকা সাপেক্ষে অত্র কোম্পানি কর্তৃক ব্যবহারের সম্মতি পাওয়া গেছে। তিনটি তৈল বিপণন কোম্পানির প্রধান স্থাপনাসমূহের পরিচালন কার্যক্রম অটোমেশনের আওতায় আনয়নের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য স্পেনের একটি স্বনামধন্য পরামর্শক প্রতিষ্ঠানকে নিয়োগ দেওয়া হয়েছে। জ্বালানি তেলের মজুদ বৃদ্ধির জন্য প্রধান স্থাপনা সহ ডিপোসমূহে মোট ৪০,০০০ মে.টন ধারণ ক্ষমতার ট্যাংক নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জের শীতলক্ষ্যা নদীর পাড়ে ৮.৪৯ একর জায়গায় একটি নতুন ডিপো স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই সকল প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে কোম্পানির পরিচালন সক্ষমতা বৃদ্ধি পাবে।

শেয়ারহোল্ডারদের তিনি অবহিত করেন যে, কোম্পানির " কনস্ট্রাকশন অব ২০ স্টোরিড যমুনা অফিস বিল্ডিং (যমুনা ভবন) এ্যাট কাওরান বাজার, ঢাকা ২য় ফেইজ " শীর্ষক প্রকল্পের আওতায় ঢাকার কাওরান বাজারে ৩য় তলা হতে ২০ তলা ভবন নির্মাণ কাজটির ১৬ তলা পর্যন্ত কাঠামোগত নির্মাণ সম্পন্ন হয়েছে। ইত্যবসরে ঠিকাদার নির্মাণ কাজ করতে অপারগতা প্রকাশ করায় তাদের সাথে চুক্তি বাতিল করে বুয়েটের পরামর্শক সেবা গ্রহণ করে অবশিষ্ট কাজ সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। প্রকল্পটি শেষ হওয়ার পর জেওসিএল এর ভাড়া আয়ের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

তিনি বলেন, ব্যবসায় সম্প্রসারণের আওতায় কোম্পানি ডিলারগণের (ফিলিং স্টেশন) মাধ্যমে যানবাহনে এলপিজি (অটো গ্যাস) সরবরাহের জন্য ইতিমধ্যে ৬টি কোম্পানির সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। তা'ছাড়া আরও ২টি কোম্পানির সাথে চুক্তি সম্পাদন প্রক্রিয়াধীন রয়েছে। চুক্তি অনুসারে জেওসিএল প্রতি লিটার এলপিজি (অটো গ্যাস) বিক্রির বিপরীতে ০.৫০ টাকা কমিশন অর্জন করবে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ডিলারের অর্থায়নে দু'টি অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত বিশ্বমানের মডেল ফিলিং স্টেশন নির্মাণ কাজ প্রায় সমাপ্তির পথে। এ সকল কার্যক্রম বাস্তবায়ন করা গেলে কোম্পানির ব্যবসায়ের পরিধি ও পরিচালন আয় পূর্বের তুলনায় ভবিষ্যতে আরও বৃদ্ধি পাবে।

তিনি কোম্পানির সম্মানিত সদস্য, গ্রাহক, ব্যবসায়িক সহযোগী, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং অন্যান্য স্টেকহোল্ডারদেরকে তাদের অবিচ্ছিন্ন সমর্থন ও সহযোগিতার জন্য কৃতজ্ঞতা জানান। বোর্ডের সকল সদস্য, কোম্পানির ব্যবস্থাপনা টিম, কর্মকর্তা-কর্মচারীগণ, নিরীক্ষক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেডকে তাদের উদ্যোগ ও সহযোগিতার জন্য ধন্যবাদ জানান।

চেয়ারম্যান মহোদয় বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এর বক্তব্য ও পরিচালকমণ্ডলীর প্রতিবেদন শেয়ারহোল্ডারগণ পড়েছেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন এবং সম্মানিত শেয়ারহোল্ডারগণের সম্মতিক্রমে তা পঠিত হয়েছে বলে গণ্য করেন। সম্মানিত শেয়ারহোল্ডারগণকে তাঁদের মূল্যবান প্রশ্ন ও মন্তব্য/মতামত প্রদান এবং ভোটাধিকার প্রয়োগের জন্য বার্ষিক সাধারণ সভা শুরুর ৭২ ঘণ্টা আগে থেকে ওয়েবপোর্টাল খুলে দেওয়া হয়েছে বলে উল্লেখ করেন। তিনি আশা করেন, শেয়ারহোল্ডারগণ তাঁদের প্রশ্ন উত্থাপন, মন্তব্য/মতামত প্রদান ও ভোটাধিকার প্রয়োগ করতে পেরেছেন।

এ পর্যায়ে চেয়ারম্যান মহোদয় সম্মানিত শেয়ারহোল্ডারগণের ২০২০-২০২১ অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন ও পরিচালকমন্ডলীর প্রতিবেদনের উপর তাঁদের মূল্যবান মতামত/মন্তব্য ও প্রশ্ন পাঠ করার জন্য কোম্পানি সচিবকে অনুরোধ করেন এবং কোম্পানি সচিব শেয়ারহোল্ডারগণের নিম্মোক্ত মূল্যবান মতামত/মন্তব্য ও প্রশ্ন পাঠ করেন:

**(০১) জনাব মোঃ সোহরাব হোসেন লিংকন- (বিও আইডি নং ১২০১৪৭০০০০০২১৭১১)**

তিনি কোভিড-১৯ মহামারীতে সবার সুস্থতা কামনা করেন। এজিএম এ শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষা করার চেষ্টা করতে পরামর্শ দেন। ১২০% নগদ লভ্যাংশ এবং ডিজিটাল প্ল্যাটফর্মে এজিএম আয়োজনের জন্য ধন্যবাদ জানিয়ে নগদ লভ্যাংশ বিইএফটিএন করার অনুরোধ করেন। পরিশেষে আগামী বছর আরো ভালো নগদ লভ্যাংশ পাওয়ার প্রত্যাশা ব্যক্ত করেন এবং সবার দীর্ঘায়ু কামনা করেন।

**(০২) জনাব আজাদ হাসান, (বিও আইডি নং ১২০২৪২০০৪৩৮৫৪২০১)**

ভার্চুয়াল বার্ষিক এজিএম করার জন্য বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, পরিচালকবৃন্দ, কোম্পানি সচিব এবং শেয়ারহোল্ডারদের ধন্যবাদ জ্ঞাপন করে করোনা কালে ব্যবসা কেমন হচ্ছে তা জানতে চান। কোভিড-১৯ মহামারীতে সবার সুস্থতা এবং দীর্ঘায়ু কামনা করেন।

**(০৩) জনাব আলহাজ্ব মোহাম্মদ আবদুল ওয়াহাব, (বিও আইডি নং ১২০১৯৬০০০৮০১৪৩৬৭)**

তিনি তেল সেক্টরের জ্যেষ্ঠ এবং অভিজ্ঞ ব্যবস্থাপনা পরিচালককে করোনা পরিস্থিতিতেও ২০২০-২০২১ অর্থ-বছরে কোম্পানি ভালো মুনাফা অর্জন করায় অভিনন্দন জানান। তিনি বিগত অর্থ-বছরের তুলনায় বিক্রয় বৃদ্ধি পাওয়ার বিষয়টি উল্লেখ করেন। তিনি নীট মুনাফা, ইপিএস, নীট অ্যাসেট ভ্যালু, সরকারি কোষাগারে অবদান এবং সাধারণ সঞ্চিতি বৃদ্ধি পাওয়ায় সন্তোষ প্রকাশ করেন। তিনি বোনাস শেয়ারের পরিবর্তে ১২০% নগদ লভ্যাংশ ঘোষণা করায় শেয়ারহোল্ডারদেরকে বঞ্চিত করা হয়নি বলে অভিমত প্রকাশ করেন। তিনি রঙ্গিন, সুন্দর একটি বার্ষিক প্রতিবেদন প্রস্তুত এবং উক্ত প্রতিবেদনে জাতির জনক বঙ্গবন্ধু'র ৭ই মার্চ এর ভাষণ ও জন্মশতবার্ষিকীর ছবি সংযুক্ত করার জন্য কোম্পানি সচিব এবং তাঁর টীমকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি তেল বিপণন কোম্পানিগুলোর সম্পদ পুনঃমূল্যায়নের পদক্ষেপ নেয়ার কথা বলেন। তিনি তেল বিপণন কোম্পানিগুলোর মধ্যে যমুনা অয়েল কোম্পানির পজিশন উন্নীত করার আশাবাদ ব্যক্ত করেন। তিনি পরিচালন আয় বৃদ্ধি করতে অটো গ্যাস বিপণনের ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। ঢাকা অফিস ভাড়া আয় বৃদ্ধির মাধ্যমে অ-পরিচালন আয় বৃদ্ধি করতে ঢাকা অফিস বিল্ডিং এর ২য় ফেজের কাজ দ্রুত সম্পন্ন করার পরামর্শ দেন। প্রাইভেট সেক্টরের সাথে প্রতিযোগিতায় টিকে থাকার লক্ষ্যে কোম্পানির মার্কেটিং নেটওয়ার্ককে আরও শক্তিশালী করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করেন।

**(০৪) জনাব মোঃ মোবারক হোসেন, (বিও আইডি নং ১২০২৫৩০০১৯৮১৫১২২)**

তিনি শুরুতে কোম্পানির সম্মানিত চেয়ারম্যান মহোদয়, সম্মানিত পরিচালক মন্ডলী, অভিজ্ঞতা সম্পন্ন এমডি মহোদয়কে আন্তরিক শুভেচ্ছা জানান। মোট বিক্রয়ের পরিমাণ ১৭.৬৬% বৃদ্ধি পাওয়া সত্ত্বেও পরিচালনা আয় প্রায় ৯ কোটি টাকা কমে যাওয়ার কারণ জানতে চান। তিনি কোম্পানির পাওনা ৬৬ কোটি টাকার বেশী আদায় হয়েছে বলে উল্লেখ করেন এবং উক্ত পাওনা বিগত ২০২০-২০২১ অর্থ বছরের কিনা সেই বিষয়টি অবগত করার অনুরোধ জানান। তিনি বর্তমানে ঢাকা কারওয়ান বাজারে যমুনা ভবনের কাজ বন্ধ থাকার কারণসহ উক্ত কাজ কখন পুনরায় চালু হবে এবং কখন শেষ হবে তা জানতে চান। তিনি বিগত দুই বছর হতে ডিভিডেন্ড ১২০% দেওয়ার জন্য ধন্যবাদ জানান, তবে ইপিএস অনুযায়ী ডিভিডেন্ড আরো বেশী দেয়া যেত বলে মন্তব্য করেন এবং আগামিতে আরো বেশী ডিভিডেন্ড পাওয়ার আশাবাদ ব্যক্ত করেন। তিনি অন্যান্য আয় ২৬০ কোটি টাকা অর্জিত হওয়ায় এটিকে কোম্পানির জন্য একটি শক্তি বলে উল্লেখ করেন। তিনি অন্যান্য পরিচালন আয় বিগত বছরের তুলনায় ২১ কোটি টাকা কমে গিয়েছে বলে জানান এবং এই অন্যান্য পরিচালন আয় না কমলে কোম্পানির আয় বা নীট প্রফিট আরো অনেক বৃদ্ধি পেত বলে মন্তব্য করেন।

**(০৫) জনাব শংকর কুমার মল্লিক, (বিও আইডি নং ১২০৪৪৩০০১৫৩৪০৬৫৬)**

তিনি আগামী বছরে সশরীরে শেয়ারহোল্ডারদের উপস্থিতিতে এজিএম অনুষ্ঠান করার জন্য আহবান জানান। তিনি অধিক লভ্যাংশ প্রদান করা সহ উক্ত লভ্যাংশ বিইএফটিএন এর মাধ্যমে ৭ দিনের মধ্যে পরিশোধের জন্য অনুরোধ করেন।

**(০৬) মিসেস শিফালি সাহা, (বিও আইডি নং ১২০৩০১০০১৬৫৪৫৬৫৮)**

তিনি এই মহামারী পরিস্থিতিতে ভার্চুয়াল এজিএম অনুষ্ঠান করায় আনন্দিত বোধ করেন। তিনি লভ্যাংশ ঘোষণা করায় এবং কোম্পানিতে সুদূর প্রসারী দক্ষ ব্যবস্থাপনা পদ্ধতি বিদ্যমান থাকায় চেয়ারম্যান এবং বোর্ড পরিচালকদেরকে ধন্যবাদ জানান। তিনি ভবিষ্যতে কোম্পানির ব্যবসা বৃদ্ধি করে শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষা হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

**(০৭) মিসেস রেহানা খানম, (বিও আইডি নং ১২০১৫১০০১৬০৭১২৪৯)**

তিনি নগদ লভ্যাংশ দেয়ার জন্য ধন্যবাদ জানান এবং আগামী বছর নগদ লভ্যাংশ আরও বৃদ্ধি পাওয়ার আশা করেন। তিনি ভার্চুয়াল এজিএমের পরিবর্তে স্বশরীরে শেয়ারহোল্ডারদের উপস্থিতিতে এজিএম অনুষ্ঠান করার জন্য অনুরোধ করেন এবং অন্যান্য কোম্পানির তুলনায় সীমিত সংখ্যক বোর্ড সভা আয়োজন করায় এ প্রতিষ্ঠানের ম্যানেজমেন্টের ভূয়সী প্রশংসা করেন। তিনি কোম্পানির ইপিএস, নেট অ্যাসেট ভ্যালু, নেট অপারেটিং ক্যাশ ফ্লো ভাল বলে মন্তব্য করে এজিএমে অংশগ্রহণকারীদের জন্য ভাতা প্রচলন করার অনুরোধ করেন।

**(০৮) জনাব মোঃ সায়েম উদ্দিন চৌধুরী, (বিও আইডি নং ১২০৪১৮০০৫৪৮৯৮৫৪১)**

তিনি নগদ লভ্যাংশ দেয়ার জন্য ধন্যবাদ জানান এবং আগামী বছর নগদ লভ্যাংশ আরও বৃদ্ধি পাওয়ার আশা করেন। তিনি যমুনা অয়েল কোম্পানী লিমিটেডের ৪৬তম এমজিএম ডিজিটাল প্ল্যাটফর্মে আয়োজন করায় এবং করোনার মধ্যেও শেয়ার প্রতি ১২ টাকা হারে লভ্যাংশ প্রদান করায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক সাধুবাদ জানান।

**(০৯) জনাব কবির আহমেদ চৌধুরী, (বিও আইডি নং ১৬০১৮৮০০৪৫৮৪৩৫০০)**

তিনি যমুনা অয়েল কোম্পানী লিঃ এর ৪৬ তম বার্ষিক সাধারণ সভার সম্মানিত সভাপতি, বিজ্ঞ পরিচালনা পর্ষদ, দক্ষ ব্যবস্থাপনা পর্ষদ সবাইকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি প্রতিষ্ঠানের বার্ষিক প্রতিবেদনকে একটি দর্পন হিসেবে উল্লেখ করেন। পাশাপাশি তিনি সুন্দর, স্বচ্ছ ও চমৎকার বার্ষিক প্রতিবেদনটি পড়ে আনন্দিত ও উৎফুল্লিত হয়েছেন বলে উল্লেখ করেন। তিনি যমুনার শেয়ার কিনে শেয়ারহোল্ডাররা এমজেএল এবং ওমেরা ফুয়েলসের গর্বিত মালিক বলে মন্তব্য করেন। তিনি বাণিজ্যিক রাজধানী চট্টগ্রামের আগ্রাবাদের যমুনা অয়েলের প্রধান কার্যালয়টি অত্যন্ত সুন্দর ও পরিচ্ছন্ন এবং প্রতিষ্ঠানের প্রতিটি কর্মী দক্ষ ও কর্মঠ বলে প্রশংসা করেন। এছাড়াও তিনি দক্ষ ব্যবস্থাপনা এবং সিবিএর সম্পর্ক ভালো, যা প্রতিষ্ঠানের উন্নয়নে সহায়ক বলেও মন্তব্য করেন। তিনি প্রতিটি কর্মী সম্মানিত শেয়ারহোল্ডারদের প্রতি আন্তরিক বলে উল্লেখ করেন। তিনি প্রতিষ্ঠানের অলস টাকা FDR এর পরিবর্তে সরকারি বন্ডে বিনিয়োগ করা যায় কিনা তা জানতে চান। চট্টগ্রামের প্রধান কার্যালয় ভবনের নির্মাণশৈলী অক্ষুন্ন রেখে আরো ২ তলা বৃদ্ধি করা সহ বয়োবৃদ্ধ শেয়ারহোল্ডারদের সুবিধার্থে প্রধান কার্যালয়ে লিফট ব্যবস্থা চালু করা যায় কিনা জানতে চান। পরিশেষে প্রতিষ্ঠানের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং চলমান উন্নয়ন কর্মকান্ড ও বর্ণিত ভবিষ্যত পরিকল্পনা বাস্তবায়িত হলে প্রতিষ্ঠানের বর্তমান চেহারা পাল্টে যাবে বলে প্রত্যাশা করেন।

**(১০) জনাব এ. এন. এম. সোলায়মানুর রহমান, (বিও আইডি নং ১২০১৫১০০১৬০৬৫৪৭২)**

তিনি নগদ লভ্যাংশ দেয়ার জন্য ধন্যবাদ জানান এবং আগামী বছর নগদ লভ্যাংশ আরও বৃদ্ধি পাওয়ার আশা করেন। তিনি ভার্চুয়াল এজিএমের পরিবর্তে সশরীরে শেয়ারহোল্ডারদের উপস্থিতিতে এজিএম অনুষ্ঠান করার জন্য অনুরোধ করেন। তিনি কোম্পানির ইপিএস, নেট এসেট ভ্যালু, নেট অপারেটিং ক্যাশফ্লো ইতিবাচক বলে মন্তব্য করেন। তিনি অন্য দুই তেল বিপণন কোম্পানির তুলনায় যমুনায় সীমিত সংখ্যক বোর্ড সভা আয়োজন করায় এ প্রতিষ্ঠানের ম্যানেজমেন্ট এর ভূয়সী প্রশংসা করেন। তিনি অন্যান্য প্রতিষ্ঠানের তুলনায় যমুনার আপ্যায়ন ব্যয় সীমিত বলে উল্লেখ করেন এবং বিপিসির ম্যানেজমেন্ট সার্ভিস চার্জ বাবদ ৮,৭৫,০০০/- টাকা খরচের বিষয়ে ব্যাখ্যা জানতে চান। তিনি শেয়ারহোল্ডারদেরকে এজিএম অনুষ্ঠানে অংশগ্রহণে উৎসাহ দেয়ার লক্ষ্যে একটি আপ্যায়ন কিংবা সম্মানী ভাতা প্রচলন করার পরামর্শ দেন। তিনি এজিএম অনুষ্ঠানকে একটি ফোরাম হিসেবে উল্লেখ করেন এবং ক্ষুদ্র বিনিয়োগকারীদেরকে মূল্যায়ন করার কথা বলেন।

আরও অনেক সম্মানিত শেয়ারহোল্ডার একই রকম /সমপর্যায়ের প্রশ্ন/মন্তব্য করেছেন। সময়ের স্বল্পতাহেতু সবগুলো পাঠ করা সম্ভব হচ্ছে না বিধায় কোম্পানি সচিব দুঃখ প্রকাশ করেন।

উপরোক্ত প্রশ্নের জবাব ও বক্তব্য প্রদানের জন্য চেয়ারম্যান মহোদয় কোম্পানির ব্যবস্থাপনা পরিচালককে অনুরোধ করেন।

**ব্যবস্থাপনা পরিচালকের বক্তব্য ও জবাবঃ**

ব্যবস্থাপনা পরিচালক যমুনা অয়েল কোম্পানী লিমিটেড এর ৪৬তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত বার্ষিক সাধারণ সভার সভাপতি, কোম্পানির পরিচালনা পর্ষদের সভাপতি ও বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর সুযোগ্য চেয়ারম্যান, সরকারের সচিব এবং এ কোম্পানির পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান জনাব এ বি এম আজাদ এনডিসি, পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালকবৃন্দ, বিপিসি'র সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, অতিথিবৃন্দ এবং এ কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকবৃন্দদের সালাম জানিয়ে বক্তব্য শুরু করেন।

বক্তব্যের শুরুতে মুজিব জন্মশতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। স্বাধীনতার এ মাসে মহান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদদেরকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং শহীদদের আত্মার মাগফিরাত কামনা করেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সাহাদাতবরণকারী পরিবারের সকল সদস্যদের নির্মম হত্যাকান্ডের তীব্র নিন্দা জ্ঞাপন করারসহ সাহাদতবরনকারী সকলের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন। জাতির জনক বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে তাঁর বলিষ্ঠ নেতৃত্বে দেশ আজ স্বল্পোন্নত হতে উন্নয়নশীল পর্যায়ে উন্নীত হওয়ায় উষ্ণ অভিনন্দন জানান।

তিনি সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দদের মূল্যবান প্রশ্ন/মতামত/পরামর্শের জন্য ধন্যবাদ জানান। শেয়ারহোল্ডারবৃন্দদের মূল্যবান প্রশ্ন/মতামত/পরামর্শ যেগুলো কোম্পানি সচিব পাঠ করেছেন নিম্নে তার জবাব অবগতির জন্য প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক বলেন, যেহেতু শেয়ারহোল্ডারগণই এই প্রতিষ্ঠানের মালিক সেহেতু কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ব্যবসায়ের প্রবৃদ্ধি ও শেয়ারহোল্ডারগণের স্বার্থ সংরক্ষণের বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে থাকেন। শেয়ারহোল্ডারগণের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে কোম্পানি আইন ও কর্পোরেট গভর্নেন্স কোড-২০১৮ যথাযথভাবে অনুসরণ করা হয় এবং উক্ত আইন অনুযায়ী নগদ লভ্যাংশ বিইএফটিএন এর মাধ্যমে যথাসময়ে প্রেরণ করা হয়। আগামীতে মুনাফা বৃদ্ধি পেলে আরও অধিক হারে লভ্যাংশ প্রদান করা হবে। কোভিড-১৯ পরিস্থিতি কিছুটা উন্নতি হওয়ায় দেশব্যাপী জ্বালানি পণ্যের চাহিদা বৃদ্ধি পাওয়ায় বিগত বছরের তুলনায় এই বছরে জ্বালানি তেলের বিক্রয় অনেক বৃদ্ধি পেয়েছে। তাছাড়া, কোম্পানির দক্ষ বিপণন ব্যবস্থাপনার মাধ্যমে আগামী বছর বিক্রয় আরও বৃদ্ধি পাবে বলে আশা করেন। অত্র কোম্পানির সম্পদ পুনঃমূল্যায়নের বিষয়ে বলেন, অন্য দুটি বিপণন কোম্পানি সহ এ বিষয়ে পরিচালনা পর্ষদ ও বিপিসি'র অনুমোদনক্রমে দ্রুত কার্যক্রম শুরু করা হবে। বিএম এনার্জিসহ ৬টি কোম্পানির সাথে অটো-গ্যাস বিক্রির চুক্তি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে, তাছাড়া আরও ২টি কোম্পানির সাথে চুক্তি সম্পাদন প্রক্রিয়াধীন রয়েছে। চুক্তিসমূহ বাস্তবায়ন হলে কোম্পানি এ খাতে আয় অনেকাংশে বৃদ্ধি পাবে। ঢাকাস্থ কাওরান বাজারে যমুনা অয়েল কোম্পানির ৩য় তলা থেকে

২০ তলা ভবন নির্মাণ কাজটির ১৬ তলা পর্যন্ত কাঠামোগত নির্মাণ সম্পন্ন হয়েছে। কোভিড-১৯ পরিস্থিতিতে নির্মাণসামগ্রীর দাম বৃদ্ধি পাওয়ার কারণে ঠিকাদার প্রতিষ্ঠান নির্মাণ কাজ করতে অপারগতা প্রকাশ করায় চুক্তি বাতিল করা হয়েছে। নির্মাণকাজ সম্পাদন করার লক্ষ্যে বুয়েটের পরামর্শক্রমে অবশিষ্ট কাজ দ্রুততম সময়ে সম্পাদনের জন্য কর্তৃপক্ষ কার্যক্রম গ্রহণ করেছে। প্রকল্পটি শেষ হলে অত্র কোম্পানির ভাড়া খাতে আয়ের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাবে। সুদক্ষ মার্কেটিং কর্মীদের সমন্বয়ে অত্র কোম্পানির মার্কেটিং কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। একে আরও অধিকতর শক্তিশালী ও কার্যকর করতে মার্কেটিং কর্মীদের বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। পেট্রোবাংলার আওতাধীন গ্যাস ফিল্ডসমূহ হতে কনডেনসেট সরবরাহ অনেক দিন বন্ধ থাকায় এবং সরবরাহ কম থাকায় এ খাতে কোম্পানির আয় ব্যাপক হারে হ্রাস পেয়েছে। দীর্ঘদিন ধরে বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট কোম্পানির পাওনা বকেয়া ছিল। উক্ত পাওনার মধ্যে আদায়কৃত ৬৬ কোটি টাকা ২০২০-২০২১ অর্থবছরের। আগামীতে এজিএম ফিজিক্যালি আয়োজন করার পরিকল্পনা রয়েছে তবে তা কোভিড পরিস্থিতি বিবেচনা এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন তথা রাষ্ট্রীয় নির্দেশনার উপর নির্ভর করবে। অনুমোদিত লভ্যাংশ বিএসইসি এর নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ে পরিশোধ করা হবে। কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ব্যবসায়ের প্রবৃদ্ধি ও শেয়ারহোল্ডারদের স্বার্থ সংরক্ষণের বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দেয় বিধায় পরিচালন আয় কম হওয়া সত্ত্বেও গত বছরের মত ১২০% লভ্যাংশ ঘোষণা করা হয়েছে। কোম্পানি সর্বদা আর্থিক শৃঙ্খলা ও ব্যয় নিয়ন্ত্রণে গুরুত্ব দিয়ে থাকে। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা অনুসারে এজিএম এ অংশগ্রহণকারী সম্মানিত শেয়ারহোল্ডারদেরকে কোন ধরনের ভাতা প্রদানের সুযোগ নেই। কোম্পানি সব সময় শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষার্থে নিরাপদ বিনিয়োগে গুরুত্ব দিয়ে থাকে। বন্ডে বিনিয়োগের ক্ষেত্রে ফ্লেক্সিবিলিটি এবং লিকুইডেশন এর সুযোগ কম থাকায় এ খাতে বিনিয়োগে সমস্যা সৃষ্টি হতে পারে। চট্টগ্রাম যমুনা ভবনটি দীর্ঘদিনের পুরনো একটি ঐতিহ্যবাহী ভবন। উক্ত ভবনটির কোন ফাউন্ডেশন না থাকা সত্ত্বেও ১৯৮৯ সালে উক্ত ভবনটি ৩য় তলা থেকে ৪র্থ তলায় উন্নীত করা হয়। তবে উক্ত ভবনে লিফট ব্যবস্থা চালু করার জন্য বাজেটে অর্থ বরাদ্দ রাখা হয়েছে, সেই সাথে ভবিষ্যতে ভবনটির ঐতিহ্যবাহী নান্দনিকতা বজায় রেখে এনেক্স ভবন নির্মাণ করার পরিকল্পনা কর্তৃপক্ষের রয়েছে। যমুনা অয়েল কোম্পানী লিমিটেড বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান বিধায় প্রত্যেকটি সহযোগী প্রতিষ্ঠানের সাথে বিপিসি'র দ্বি-পাক্ষিক চুক্তি রয়েছে। উক্ত চুক্তি অনুযায়ী কোম্পানির প্রতিষ্ঠালগ্ন হতে বিপিসিকে ম্যানেজমেন্ট সার্ভিস চার্জ বাবদ অর্থ পরিশোধ করা হয়।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দদের আজকের ৪৬ তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে উপস্থিত হয়ে ধৈর্য ধরে সভার কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে জয় বাংলা বলে বক্তব্য শেষ করেন।

এ পর্যায়ে চেয়ারম্যান মহোদয় শেয়ারহোল্ডাগণের উদ্দেশ্যে বলেন ৭২ ঘন্টা পূর্বে বার্ষিক সাধারণ সভার বিষয়সমূহের উপর আলোচ্যসূচী অনুসারে পক্ষে-বিপক্ষে ভোটাধিকার প্রয়োগের জন্য ভোটিং সিস্টেম চালু করা হয়েছে। তিনি বিষয়সমূহের পক্ষে-বিপক্ষে প্রাপ্ত ভোটের ফলাফল ঘোষণার জন্য কোম্পানি সচিবকে অনুরোধ করেন। এ পর্যায়ে কোম্পানি সচিব বার্ষিক সাধারণ সভার আলোচ্যসূচী অনুযায়ী কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচি-১ : ১৩ মার্চ ২০২১ খ্রি., ২৮ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ তারিখে অনুষ্ঠিত ৪৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত নিশ্চিতকরণ।**

**আলোচনা :** কোম্পানি আইন ১৯৯৪ এর ৮৯(২) ধারা মোতাবেক বিগত ৪৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে এবং পর্ষদ চেয়ারম্যান মহোদয় কর্তৃক স্বাক্ষরিত হয়েছে। সম্মানিত শেয়ারহোল্ডারদের সদয় অবগতির জন্য উক্ত কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ ই-মেইল অ্যাড্রেসে প্রেরণ করা হয়েছে এবং একই সাথে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। আশা করা হয় শেয়াহোল্ডাগণ তা' পেয়েছেন এবং পড়েছেন। এমতাবস্থায় ৪৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পঠিত বলে গণ্য করা হয়।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-১ এর প্রস্তাবের পক্ষে ৮,০৭,০৩,৮০৯ সংখ্যক এবং বিপক্ষে ১৪০ সংখ্যক ভোট পড়েছে।

অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-১ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত :** অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে ১৩ মার্চ ২০২১ খ্রি., ২৮ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ, শনিবার অনুষ্ঠিত ৪৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত নিশ্চিতকরণ (আলোচ্যসূচি-১) এর প্রস্তাব অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি-২ : ২০২১ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং উহার উপর কোম্পানির পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদন।**

**আলোচনা :** কোম্পানি সচিব সকল শেয়ারহোল্ডারদের উদ্দেশ্যে বলেন যে, ২০২১ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিকবিবরণী, যুগ্ম-বহিঃনিরীক্ষকের প্রতিবেদন ও শেয়ারহোল্ডারদের উদ্দেশে পরিচালকমন্ডলীর প্রতিবেদন আপনাদের নিকট প্রেরিত/কোম্পানির ওয়েবসাইটে প্রকাশিত বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত আছে। প্রতিবেদনসমূহ সকলে পড়েছেন মর্মে আশাবাদ ব্যক্ত করে প্রতিবেদনসমূহ পঠিত হয়েছে বলে গণ্য করা হয়।

শেয়ারহোল্ডারবৃন্দের অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-২ এর প্রস্তাবের পক্ষে ৮,০৭,০২,১০৪ সংখ্যক এবং বিপক্ষে ১,০৫০ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায়, অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-২ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত :** অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী ২০২১ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং উহার উপর কোম্পানির পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদন (আলোচ্যসূচি-২) এর প্রস্তাব অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি-৩ : ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণা অনুমোদন।**

**আলোচনা :** কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির কারণে যমুনা অয়েল কোম্পানী ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত বছরে আশানুরূপ মুনাফা অর্জন করতে পারেনি, তথাপি পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারগণের স্বার্থ বিবেচনা করে ২০২০-২০২১ অর্থ বছরের জন্য ১২০ শতাংশ হারে অর্থাৎ প্রতি ১০/= টাকার শেয়ারে ১২.০০ টাকা নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে। উক্ত লভ্যাংশ ঘোষণা অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়েছে।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৩ এর প্রস্তাবের পক্ষে ৮,০৭,০৩,১৭৯ সংখ্যক এবং বিপক্ষে ০২ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায় অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৩ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত :** অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত বছরের জন্য ১২০ শতাংশ অর্থাৎ প্রতি ১০/= টাকার শেয়ারে ১২.০০ টাকা নগদ লভ্যাংশ ঘোষণা (আলোচ্যসূচি-৩) এর প্রস্তাব অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি- ৪: বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক মনোনীত পরিচালক যাঁরা কোম্পানির পরিচালন বিধি অনুযায়ী অবসর গ্রহণ করছেন তাঁদের পুনঃনিয়োগ অনুমোদন এবং পরিচালনা পর্ষদ কর্তৃক নিয়োগপ্রাপ্ত স্বতন্ত্র পরিচালক এর নিয়োগ অনুমোদন।**

**আলোচনা :** কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, কোম্পানির সংঘ বিধির ১৩৯, ১৪০, ১৪১ এবং ১৪৩ ধারা অনুযায়ী প্রতি বার্ষিক সাধারণ সভায় জ্যেষ্ঠতার ভিত্তিতে পরিচালকবৃন্দের এক-তৃতীয়াংশ পালাক্রমে অবসর গ্রহণ করে থাকেন। এ বার্ষিক সাধারণ সভায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক মনোনীত পরিচালক জনাব মোল্লা মিজানুর রহমান, জনাব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন ও জনাব মোহাম্মদ হাসানুজ্জামান পরিচালনা পর্ষদ হতে অবসর গ্রহণ করছেন। পরিচালক জনাব মোল্লা মিজানুর রহমান, জনাব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন ও জনাব মোহাম্মদ হাসানুজ্জামান পুনঃনির্বাচিত হওয়ার যোগ্যতা রাখেন বিধায় কোম্পানি সংঘ বিধির ১২৯ ধারা অনুযায়ী বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃপক্ষ কর্তৃক জনাব মোল্লা মিজানুর রহমান, জনাব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন ও জনাব মোহাম্মদ হাসানুজ্জামান পুনঃমনোনীত হয়েছেন। পরিচালক পদে বিপিসি'র মনোনীত জনাব মোল্লা মিজানুর রহমান, জনাব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন ও জনাব মোহাম্মদ হাসানুজ্জামান কে পুনঃনির্বাচিত করার আহ্বান জানানো হয়েছে।

কোম্পানির সংঘ বিধির ১২৮ ধারা ও বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের ০৩ জুন ২০১৮ তারিখে জারীকৃত নোটিফিকেশন অনুযায়ী ২ (দুই) জন স্বতন্ত্র পরিচালক নিয়োগের বিধান রয়েছে। স্বতন্ত্র পরিচালকের পদ শূন্য থাকায় কোম্পানির পরিচালনা পর্ষদ কর্তৃক জনাব শংকর প্রসাদ দেব এবং জনাব মোঃ সামসুদ্দোহা'কে স্বতন্ত্র পরিচালক হিসাবে নিয়োগ করা হয়েছে। অদ্যকার বার্ষিক সাধারণ সভায় তাঁদের স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ অনুমোদনের প্রস্তাব করা হয়েছে।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৪ এর পক্ষে ৮,০৬,৯৯,১৪৩ সংখ্যক এবং বিপক্ষে ১,১০০ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায় অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৪ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত :** বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক মনোনীত পরিচালক জনাব মোল্লা মিজানুর রহমান, জনাব শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন ও জনাব মোহাম্মদ হাসানুজ্জামান কে পরিচালক হিসেবে পুনঃনিয়োগ এবং কোম্পানির স্বতন্ত্র পরিচালক হিসাবে জনাব শংকর প্রসাদ দেব ও জনাব মোঃ সামসুদ্দোহা'কে বোর্ড কর্তৃক নিয়োগ অদ্যকার সভায় শেয়ারহোল্ডারগণের প্রাপ্ত ভোটের ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে (আলোচ্যসূচি-৪) অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি-৫ : ২০২২ সালের ৩০ জুন সমাপ্য বছরের জন্য যুগ্ম-বহিঃনিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।**

**আলোচনা :** কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, কোম্পানির বর্তমান যুগ্ম-বহিঃনিরীক্ষক মেসার্স হোদা ভাসী চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এ সভায় অবসর গ্রহণ করছে। কোম্পানির নিরীক্ষক হিসেবে মেসার্স হোদা ভাসী চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ৩ বছর পূর্ণ করায় তাদের পুনঃনিযুক্তির সুযোগ নেই। অপর বহিঃনিরীক্ষক মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কোম্পানির নিরীক্ষক হিসেবে ৩ বছর পূর্ণ না করায় তাদের পুনঃনিযুক্তির যোগ্যতা থাকায় ও নিরীক্ষক হিসেবে দায়িত্ব পালনের ইচ্ছা পোষণ করায় মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং চার্টার্ড একাউন্ট্যান্টস'কে এবং মেসার্স হোদা ভাসী চৌধুরী এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এর পরিবর্তে মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টসকে ২০২১-২০২২ হিসাব বছরের জন্য বিপিসি'র মনোনয়নের প্রেক্ষিতে কোম্পানির যুগ্ম-বহিঃনিরীক্ষক হিসাবে ভ্যাট ব্যতীত টাকা ৩,২০,০০০.০০ (তিন লক্ষ বিশ হাজার) ফি'তে (যা উভয় প্রতিষ্ঠানে সমভাগে বন্টনযোগ্য) পরবর্তী বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের দিন পর্যন্ত নিযুক্তির অনুমোদনের প্রস্তাব উপস্থাপনের জন্য কোম্পানি বোর্ড কর্তৃক সুপারিশ করা হয়।

এমতাবস্থায়, ২০২১-২০২২ হিসাব বছরের জন্য যুগ্ম-বহিঃনিরীক্ষক হিসেবে মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্মদ্বয়কে নিযুক্তির এবং ভ্যাট ব্যতীত টাকা: ৩,২০,০০০.০০ (তিন লক্ষ বিশ হাজার) মাত্র ফি (যা উভয় প্রতিষ্ঠানে সমভাগে বন্টনযোগ্য) নির্ধারণের প্রস্তাব করা হয়।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৫ এর প্রস্তাবের পক্ষে ৮,০৭,০৩,১৪৮ সংখ্যক এবং বিপক্ষে ০ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায়, অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচী-৫ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্তঃ** কোম্পানির ২০২১-২০২২ হিসাব বছরের জন্য যুগ্ম-বহিঃনিরীক্ষক হিসেবে মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং চার্টার্ড একাউন্ট্যান্টস এবং মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্মদ্বয়কে নিযুক্তির এবং ভ্যাট ব্যতীত টাকা ৩,২০,০০০.০০ (তিন লক্ষ বিশ হাজার) মাত্র ফি (যা উভয় প্রতিষ্ঠানে সমভাগে বন্টনযোগ্য) নির্ধারণের প্রস্তাব অদ্যকার সভায় শেয়ারহোল্ডারগণের অনলাইনে প্রাপ্ত ভোটের ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে (আলোচ্যসূচি-৫) অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি-৬ : ২০২২ সালের ৩০ জুন সমাপ্য বছরের জন্য শেয়ারহোল্ডারদের উদ্দেশে কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনের শর্তাবলী মেনে চলার বিষয়ে প্রত্যয়ন পত্রের জন্য পেশাদার প্রতিষ্ঠান নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।**

**আলোচনা :** কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্পোরেট গভর্নেন্স কোড হিসাবে BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 তারিখঃ ০৩-০৬-২০১৮ খ্রি. এর সংশ্লিষ্ট ধারা অনুসারে Certification of compliance of corporate governance code এর জন্য মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস্'কে ২০২১-২০২২ অর্থ বছরের জন্য বিদ্যমান (ভ্যাট ব্যতীত) ফি টাকা ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) মাত্র এ নিযুক্তির জন্য সুপারিশ করা হয়েছে। অদ্যকার বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস্'কে Certification of compliance of corporate governance code এর জন্য পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত দায়িত্ব পালনের জন্য নিযুক্তির অনুমোদনের প্রস্তাব করা হয়।

অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৬ এর প্রস্তাবের পক্ষে ৮,০৭,০২,০২৩ সংখ্যক এবং বিপক্ষে ১,১০৫ সংখ্যক ভোট পড়েছে।

এমতাবস্থায়, অনলাইন ভোটিং এ প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্যসূচি-৬ এর সিদ্ধান্ত ঘোষণার জন্য চেয়ারম্যান মহোদয়কে বিনীত অনুরোধ জানান।

**সিদ্ধান্ত :** ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্য হিসাব বছরে কোম্পানির "কর্পোরেট গভর্নেন্স কোড" প্রতিপালন বিষয়ে রিপোর্ট প্রণয়ন ও প্রত্যয়ন পত্র প্রদানের নিমিত্তে মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস্'কে ভ্যাট ব্যতীত ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা পারিশ্রমিকে পেশাদার প্রতিষ্ঠান হিসেবে নিয়োগের প্রস্তাব অদ্যকার সভায় শেয়ারহোল্ডারগণের অন লাইনে প্রাপ্ত ভোটের ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে (আলোচ্যসূচি-৬) অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি-৭ : সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অন্য যে কোন বিষয় আলোচনা ।**

কোম্পানি সচিব সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের উদ্দেশ্যে বলেন যে, কোম্পানির বার্ষিক সাধারণ সভায় পূর্বাহ্নে বিজ্ঞপ্তি ব্যতীত অন্য কোন বিষয়ে আলোচনা করার বিধান নেই, তবুও কোন গুরুত্বপূর্ণ বিষয় থাকলে তা' নথি বর্হিভূতভাবে আলোচনা করা যেতে পারে। সংযুক্ত শেয়ারহোল্ডারগণ হতে বিশেষ কোন বিষয় আলোচনার জন্য প্রস্তাব আসে নাই বিধায় আর কোন আলোচনা নাই। এ পর্যায়ে কোম্পানি সচিব চেয়ারম্যান মহোদয়কে সভার সমাপনী বক্তব্য প্রদানের মাধ্যমে বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণার জন্য বিনীত অনুরোধ করেন।

**চেয়ারম্যানের মহোদয়ের সমাপনী বক্তব্য:** চেয়ারম্যান মহোদয় আজকের এই বার্ষিক সাধারণ সভা সফল করার জন্য ভার্চুয়ালী সংযুক্ত কোম্পানির পরিচালকমণ্ডলী, বিপিসি'র সম্মানিত প্রতিনিধিবৃন্দ, সম্মানিত শেয়ারহোল্ডারগণ এবং কোম্পানির কর্মকর্তাবৃন্দ সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন করোনা পরিস্থিতির কারণে এই এজিএম ভার্চুয়ালী অনুষ্ঠিত হওয়ার ফলে সম্মানিত শেয়ারহোল্ডারগণের বিভিন্ন

জবাব সরাসরি দেয়া সম্ভব হয়নি, যেটি আসলে এজিএমের কমন কালচার হিসেবে পরিলক্ষিত সেটি আমরা করতে পারিনি। আগামীতে করোনা পরিস্থিতি উন্নীত হলে পূর্বের মতো শেয়ারহোল্ডারগণের উপস্থিতিতে এজিএমের আয়োজনা করা হবে।

তিনি কোম্পানির অগ্রযাত্রায় মূল্যবান দিক-নির্দেশনা ও সহযোগিতা প্রদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এবং এর অঙ্গ প্রতিষ্ঠানসমূহ, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ, সিডিবিএল, রেজিস্ট্রার অফ জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, এমজেএল বাংলাদেশ লিমিটেড, ওমেরা ফুয়েল্স লিমিটেড, ব্যাংকসমূহ এবং সংশ্লিষ্ট অন্যান্য সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহের প্রতি পরিচালনা পর্ষদের পক্ষে গভীরভাবে কৃতজ্ঞতা প্রকাশ করেন। পরিচালনা পর্ষদের পক্ষ হতে কোম্পানির সকল ডিলার, এজেন্ট/ডিস্ট্রিবিউটর ও অন্যান্য গ্রাহকবৃন্দকে তাদের সমর্থন ও সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। পরিশেষে, অক্লান্ত পরিশ্রম ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের মাধ্যমে কোম্পানির উন্নতিতে অবদান রাখায় কোম্পানির সকল স্তরের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের পরিচালনা পর্ষদ এর পক্ষ হতে অভিনন্দন জানান। সর্বোপরি, তিনি সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রতি অবিচল আস্থা ও সমর্থনের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।

পরিশেষে সভাপতি সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে অত্র কোম্পানির ৪৬ তম বার্ষিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ বি এম আজাদ এনডিসি)
চেয়ারম্যান

# JAMUNA OIL COMPANY LIMITED

## Shareholder's Attendance List

**AGM DATE : 13-03-2021, RECORD DATE: 12 March 2022**

| Sl. | BO ID | BO Name | Mobile No. | Holding Share | Presence Type |
|---|---|---|---|---|---|
| 1 | 1202310011642707 | MR. TARUN KANTI NATH | 01819033837 | 50 | Digital |
| 2 | 1203470031648243 | MD. DASTAGIR KABIR | 01816827855 | 5 | Digital |
| 3 | 1201600003393006 | SYED MOHAMMED NUR HOSSAIN | 01814304100 | 2 | Digital |
| 4 | 1204180065007877 | MD. ABU TAHER PALASH | 01818575010 | 55 | Digital |
| 5 | 1203880051394799 | MAHMUDUR RAHMAN | 01715767345 | 100 | Digital |
| 6 | 1204970044936102 | KAZI IQBAL HOSSAIN | 01815914087 | 6 | Digital |
| 7 | 1202400017125824 | MD SHAHIDUL ISLAM | 01715434313 | 11 | Digital |
| 8 | 1204890062108754 | SUMON KHASTAGIR | 01911098900 | 600 | Digital |
| 9 | 1201470000021711 | MD. SHORAB HOSSAIN (LINKON) | 01911392979 | 50 | Digital |
| 10 | 1204240000199755 | PRADIP KUMAR SAHA | 01104952200 | 21,255 | Digital |
| 11 | 1203390037120625 | DIPOCK CHANDRA SAHA | 01716354581 | 3,300 | Digital |
| 12 | 1601880025511839 | MOHAMMAD ANWARUL HAQUE KHAN | 01552442327 | 1,000 | Digital |
| 13 | 1203980016994140 | MR NAZRUL ISLAM KHAN | 01715026712 | 55 | Digital |
| 14 | 1204320020730888 | JNANA RANJAN NATH | 01717296867 | 500 | Digital |
| 15 | 1201600001783521 | UTPAL BARUA | 01713120957 | 60 | Digital |
| 16 | 1202390059675355 | MR. MD. SHIRAJUL ISLAM | 01672351523 | 100 | Digital |
| 17 | 1203330008082409 | MD.HARUN-OR-RASHID | 01670654482 | 200 | Digital |
| 18 | 1203230009661735 | MD. FAIZ UDDIN | 01554339481 | 10 | Digital |
| 19 | 1203230012717952 | MD. FAIZ UDDIN | 01554339481 | 10 | Digital |
| 20 | 1203640022766243 | MD NAZMUL HUDA | 01818355388 | 2 | Digital |
| 21 | 1204220053242346 | MD. NAZMUL HUDA | 01918527368 | 785 | Digital |
| 22 | 1203330052754084 | MD TAKY UDDIN | 01996544633 | 2 | Digital |
| 23 | 1201510016071249 | REHANA KHANAM | 01717303694 | 25 | Digital |
| 24 | 1601620043537582 | BNYM AC UPS GROUP TRUST<br>Proxy / Representative: AshekAlahi | 01709817411 | 171,184 | Digital |
| 25 | 1203330050022365 | MD FEROZ UDDIN | 01838263295 | 2 | Digital |
| 26 | 1203330052344601 | TAMMI SULTANA | 01812384030 | 5 | Digital |
| 27 | 1203330053175589 | MD ALIMUL KABIR | 01647420188 | 2 | Digital |
| 28 | 1201530000003501 | ICBProxy / Representative:<br>Mr. Sirajul Islam Senior Officer | 9563455 | 10,083,473 | Digital |
| 29 | 1204220053242311 | NADIRA BEGUM | 01911034927 | 2 | Digital |
| 30 | 1204220062355176 | SOURAV BARUA | 01851618380 | 10 | Digital |
| 31 | 1204220062376603 | GAZI MD SHAHEEN NEWAJ | 01975606898 | 10 | Digital |
| 32 | 1201530067036471 | ICB BOND<br>Proxy / Representative:<br>Mr. Sirajul Islam Senior Officer | 01727068990 | 1,452,068 | Digital |
| 33 | 1201530057974026 | INVESTMENT CORP. OF BANGLADESH<br>Proxy / Representative:<br>Mr. Sirajul Islam<br>Senior Officer | 9563455 | 1,311,584 | Digital |
| 34 | 1201530000003518 | ICB UNIT FUND<br>Proxy / Representative:<br>Mr. Sirajul Islam<br>Senior Officer | 9563455 | 1,034,881 | Digital |
| 35 | 1201530068173761 | ICBMS<br>Proxy / Representative:<br>Mr. Sirajul Islam<br>Senior Officer | 01727068990 | 121,996 | Digital |
| 36 | 1204220062388535 | SUPRATIM BARUA | 01871952475 | 10 | Digital |
| 37 | 1204220062388551 | MD MOHIUDDIN | 01862239979 | 35 | Digital |
| 38 | 1204430015340656 | SANKAR KUMAR MALLICK | 01712224747 | 50 | Digital |
| 39 | 1605400047152595 | JCIL-I/A:J0112 | 01815155117 | 736 | Digital |
| 40 | 1301860016094239<br>Proxy / Representative:<br>Mr. Sirajul Islam<br>Senior Officer | ICB PORTFOLIO-SYLHET | 0821714703 | 22,000 | Digital |

| Sl. | BO ID | BO Name | Mobile No. | Holding Share | Presence Type |
|---|---|---|---|---|---|
| 41 | 1202720016476371 | ICB PORTFOLIO- BARISAL<br>Proxy / Representative:<br>Mr. Sirajul Islam<br>Senior Officer | 0431-64404 | 21,440 | Digital |
| 42 | 1203650016151687 | ICB PORTFOLIO KHULNA<br>Proxy / Representative:<br>Mr. Sirajul Islam<br>Senior Officer | 041721689 | 30,000 | Digital |
| 43 | 1203950019824382 | ICB PORTFOLIO, BOGRA<br>Proxy / Representative:<br>Mr. Sirajul Islam<br>Senior Officer | 01715299327 | 30,000 | Digital |
| 44 | 1201680016239128 | ICB PORTFOLIO, CHITTAGONG<br>Mr. Sirajul Islam<br>Senior Officer | 031-714851 | 45,000 | Digital |
| 45 | 1203010016545666 | DILIP KUMAR SAHA | 01714204474 | 10 | Digital |
| 46 | 1203010016545658 | SIFALI SHAHA | 01717364137 | 10 | Digital |
| 47 | 1204180054898541 | MD.SHAIM UDDIN CHOWDHURY | 01821714189 | 2 | Digital |
| 48 | 1204180059298506 | MD.NURUN NABI | 01714178407 | 7 | Digital |
| 49 | 1202840009278044 | MD. SHAH ALAM PATWARY | 01714112627 | 500 | Digital |
| 50 | 1204860028701205 | JIKO KRISHNA DEY | 01676495534 | 5 | Digital |
| 51 | 1204430045409737 | SHEIKH MAHABUBUR RAHMAN | 01671321669 | 5 | Digital |
| 52 | 1203210018070299 | MD. ATUAR RAHMAN. | 01720983398 | 2 | Digital |
| 53 | 1202600010002035 | MD.NAZMUS SAKIB | 01715620967 | 50 | Digital |
| 54 | 1204090017629946 | REAZUL ISLAM AZAD | 01819443222 | 100 | Digital |
| 55 | 1203000050499131 | MOHAMMOD ABU SHAED | 01911224569 | 18 | Digital |
| 56 | 1203910045012770 | MESBAH UDDIN AHMED | 01710966565 | 2,296 | Digital |
| 57 | 1203790032807843 | MOHAMMAD SHARIFUL ISLAM | 01716774435 | 272 | Digital |
| 58 | 1201510016065464 | MD. TANZILUR RAHMAN | 01558365521 | 100 | Digital |
| 59 | 1202410000658221 | SHEIKH JAHANGIR ALAM | 01716091773 | 10 | Digital |
| 60 | 1203360007668013 | A.B.M ZIAUR RAHAMAN | 01716129965 | 5 | Digital |
| 61 | 1204490019770451 | MD.TOFAZZAL HOSSAIN KHAN | 01688596012 | 2,890 | Digital |
| 62 | 1204180032866893 | TRIDEB KANTI DAS. | 01536219559 | 604 | Digital |
| 63 | 1204460000039418 | ADV. MD. SHAKHAWAT ULLAH<br>KHAN | 01711025873 | 1 | Digital |
| 64 | 1202530007961922 | MOHAMMED MONSUR-A-KHODA | 01911131800 | 100 | Digital |
| 65 | 1202850037148527 | MD. ABDUL AWAL | 01965273978 | 2 | Digital |
| 66 | 1202280031977251 | SUMAN SAHA | 01718332185 | 5 | Digital |
| 67 | 1202280032052674 | SUMAN SAHA | 01718332185 | 1 | Digital |
| 68 | 1201980033134912 | SUKLA SAHA | 01718332185 | 1 | Digital |
| 69 | 1201980036600081 | PROBIR KUMAR SAHA | 01882262363 | 1 | Digital |
| 70 | 1202280031990188 | JIBAN KRISHNA SAHA | 01674336296 | 5 | Digital |
| 71 | 1202280031990201 | JIBAN KRISHNA SAHA | 01674336296 | 1 | Digital |
| 72 | 1202420043854201 | AZAD AHASAN | 01677353950 | 1 | Digital |
| 73 | 1201510016065480 | REHANA KHANAM | 01717303694 | 100 | Digital |
| 74 | 1603700004180754 | ABUL HOSSAIN | 01713047262 | 1,226 | Digital |
| 75 | 1202060012036170 | MUHAMMAD AFTABUR RAHMAN | 01745993816 | 16 | Digital |
| 76 | 1203300031269925 | MIZANUR ISLAM | 01715863640 | 2,000 | Digital |
| 77 | 1201530000038314 | MUHAMMAD ABDUL WAHAB | 01915164425 | 22 | Digital |
| 78 | 1201530000021952 | MUHAMMAD AFTABUR RAHMAN | 01745993816 | 22 | Digital |
| 79 | 1201530000042753 | MST. RAJIA MUKTY | 01631050345 | 1 | Digital |
| 80 | 1201510016065472 | A.N.M SOLAIMANUR RAHMAN | 01715286921 | 50 | Digital |
| 81 | 1202960033699553 | MD ALOMGIR HOSSAIN | 01816206969 | 80 | Digital |
| 82 | 1201840000703232 | HIRALAL BANIK | 01711447461 | 100 | Digital |
| 83 | 1203790045858982 | TASLIMA MONOWARA | 01711077426 | 105 | Digital |
| 84 | 1204290019681187 | MD ABUL KALAM AZAD | 01711629507 | 10 | Digital |
| 85 | 1601880058526141 | MD ABU NASER | 01814159779 | 20 | Digital |
| 86 | 1203860014149607 | M.A. AZIZ SHAMEEM | 01673345434 | 5 | Digital |
| 87 | 1203860017019690 | MD MOHSIN | 01830553136 | 1 | Digital |

| Sl. | BO ID | BO Name | Mobile No. | Holding Share | Presence Type |
|---|---|---|---|---|---|
| 88 | 1201960008014367 | ALHAJ MOHAMMAD ABDUL WAHHAB | 01711336539 | 40 | Digital |
| 89 | 1201590000003344 | MR. MD. MASHIUL KARIM | 01711867656 | 9,900 | Digital |
| 90 | 1201520000633380 | ENGR. PRODIP KUMAR KUNDU | 01552201858 | 1,800 | Digital |
| 91 | 1601880045843500 | KABIR AHMED CHOWDHURY | 01731454294 | 100 | Digital |
| 92 | 1601670016202702 | SSBT A/C PARAM TAX-MANAGED EMF<br>Proxy / Representative:<br>AKM Kutub Uddin Khan | 8809666356409 | 50,340 | Digital |
| 93 | 1601670016201692 | SSBT A/C P EM FUND<br>Proxy / Representative:<br>AKM Kutub Uddin Khan | 8809666356409 | 41,841 | Digital |
| 94 | 1601880020279376 | ANM RUHUL QUDDUS | 01713007602 | 20,000 | Digital |
| 95 | 1202530019815122 | MD. MOBARAK HOSSAIN | 01819422463 | 20 | Digital |
| 96 | 1201600006545060 | MD.SHAHAB UDDIN | 018199380524 | 5 | Digital |
| 97 | 1203690019695182 | MD. SHAH ALAM | 01556577109 | 10 | Digital |
| 98 | 1203690021994664 | SHIRIN AKTAR | 01533211077 | 1 | Digital |
| 99 | 1201600055992151 | KOHINOOR AKHTER | 0171737121 | 5 | Digital |
| 100 | 1203690022907613 | MD.SHAH ALAM | 01533211077 | 1 | Digital |
| 101 | 1204490044971698 | MD. SHAH ALAM | 01556577109 | 50 | Digital |
| 102 | 1203690021540250 | MD.SHAH ALAM | 01556577109 | 10 | Digital |
| 103 | 1204180025814461 | ABDULLAH AL ZAKI | 01683738148 | 180 | Digital |
| 104 | 1201530015848171 | BANGLADESH PETRO. CORPORATION<br>Proxy / Representative:<br>Mr. Kazi Mohammad Mozammel Hoque<br>Director (Finance)<br>Mr. Md. Yousuf Hussain Bhuiyan<br>Sr. General Manager (Audit)<br>Mr. Mustafa Qudrat-E-Elahi<br>General Manager (Com. & Ops.)<br>Mr. Engr. Md. Shafiqul Islam<br>General Manager (Planning & Development)<br>Mr. Kazi Md. Shahidur Rahman<br>Deputy General Manager (Audit)<br>Mr. Md. Murshed Hossain Azad<br>Deputy General Manager (Marketing & Distribution)<br>Mr. FerdousiMasumHimel<br>Deputy General Manager (Admin)<br>Mr. Mohammad Zahid Hossain<br>Deputy General Manager (Com. & Ops.)<br>BPC OFFICER | 01967499479 | 66,346,774 | Digital |
| | **Total Attendance: 104** | **Total Holding Share:** | | **80,834,510** | |

# JAMUNA OIL COMPANY LIMITED

**46th Annual General Meeting**

**Date : 12 March 2022**

## Proxy / Representative Attendance

| Sl. | BO ID | BO Name | Proxy/Representative Name | Holding Share | Presence Type |
|---|---|---|---|---|---|
| 1 | 1201530015848171 | BANGLADESH PETRO. CORPORATION | Mr. Kazi Mohammad MozammelHoque Director (Finance)<br>Mr. Md. Yousuf Hussain Bhuiyan Sr. General Manager (Audit)<br>Mr. Mustafa Qudrat-E-Elahi General Manager (Com. & Ops.)<br>Mr. Engr. Md. Shafiqul Islam General Manager (Planning & Development)<br>Mr. Kazi Md. Shahidur Rahman Deputy General Manager (Audit)<br>Mr. Md. Murshed Hossain Azad Deputy General Manager (Marketing & Distribution)<br>Mr. FerdousiMasumHimel Deputy General Manager (Admin)<br>Mr. Mohammad Zahid Hossain Deputy General Manager (Com. & Ops.)<br>BPC OFFICER | 66,346,774 | Digital |
| 2 | 1201530000003501 | ICB | Mr. Sirajul Islam Senior Officer | 10,083,473 | Digital |
| 3 | 1201530067036471 | ICB BOND | Mr. Sirajul Islam Senior Officer | 1,452,068 | Digital |
| 4 | 1201530057974026 | INVESTMENT CORP. OF BANGLADESH | Mr. Sirajul Islam Senior Officer | 1,311,584 | Digital |
| 5 | 1201530000003518 | ICB UNIT FUND | Mr. Sirajul Islam Senior Officer | 1,034,881 | Digital |
| 6 | 1601620043537582 | BNYM AC UPS GROUP TRUST | AshekAlahi | 171,184 | Digital |
| 7 | 1201530068173761 | ICBMS | Mr. Sirajul Islam Senior Officer | 121,996 | Digital |
| 8 | 1601670016202702 | SSBT A/C PARAM TAX- MANAGED EMF | AKM Kutub Uddin Khan | 50,340 | Digital |
| 9 | 1201680016239128 | ICB PORTFOLIO, CHITTAGONG | Mr. Sirajul Islam Senior Officer | 45,000 | Digital |
| 10 | 1601670016201692 | SSBT A/C P EM FUND | AKM Kutub Uddin Khan | 41,841 | Digital |
| 11 | 1203650016151687 | ICB PORTFOLIO KHULNA | Mr. Sirajul Islam Senior Officer | 30,000 | Digital |
| 12 | 1203950019824382 | ICB PORTFOLIO, BOGRA | Mr. Sirajul Islam Senior Officer | 30,000 | Digital |
| 13 | 1301860016094239 | ICB PORTFOLIO - SYLHET | Mr. Sirajul Islam Senior Officer | 22,000 | Digital |
| 14 | 1202720016476371 | ICB PORTFOLIO - BARISAL | Mr. Sirajul Islam Senior Officer | 21,440 | Digital |
| **Total Attendance : 14** | | | **Total Holding Share :** | 80,762,581 | |